

## 💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এক পীর সাহবে আছেন, যিনি তাঁর মুরীদদেরকে অসিয়তে বলেন, "পাপের সম্মুখীন হলে আমাকে স্মরণ করো, তাহলে পাপ থেকে বেঁচে যাবে"। এই শ্রেণীর স্মরণ কি শিরক নয়?

এটি একটি বড় আপত্তিকর ও বড় শিরকের কাজ। পাপ সামনে এলে পীরকে কেন স্মরণ অরতে হবে? স্মরণ করতে হবে মহান আল্লাহকে। ২৮

পাপ কাজের সম্মুখীন হলে আল্লাহ্কে স্মরণ করে কেবল তারই ভয়ে পাপ বর্জন করতে হবে। পাপ ঘটে গেলে তাকেই স্মরণ করে ক্ষমা প্রার্থনা করতে হবে। মহান আল্লাহ বলেছেন, যারা কোন অল্লীল কাজ করে ফেললে অথবা নিজের প্রতি যুলুম করলে আলাহকে স্মরণ করে এবং নিজেদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। আর আল্লাহ ছাড়া অন্য কে পাপ ক্ষমা করতে পারে? এবং তাঁরা যা (অপরাধ) করে ফেলে, তাতে জেনে-শুনে অটল থাকে না। (আলে ইমরানঃ ১৩৫)

## ফুটনোট

২৮ (ইবনে বায)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=28

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন